Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ



## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।


৪৫শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৮ই চৈত্র বুধবার ১৩৬৫ ইংরাজী 1st April. 1959 { ৪৪শ সংখ্যা

১১ই চৈত্র ১৮৮০ শকাব্দ




সকল ঘরের তরে...

দীপ্তি লণ্ঠন

ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

মনোমত

সুন্দর, সস্তা আর মজবুত

জিনিষ যদি চান তা হ'লে

আরতির

"রাণী রাসমণি"

শাড়ী ও ধুতি কিনুন।

কাপড়কে সব দিক থেকে আপনাদের পছন্দমত করার সকল যত্ন সত্ত্বেও যদি কোন ত্রুটি থাকে, তাহ'লে দয়া ক'রে জানাবেন, বাধিত হ'ব এবং ত্রুটি সংশোধন করবো।

আরতি কটন মিলস্ লিঃ

দাশনগর, হাওড়া।

লিভার ও পেটের পীড়ায়

কুমারেশ

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১৮ই চৈত্র বুধবার সন ১৩৬৫ সাল।

# নিরীহ-পীড়ন

—০—

এক গ্রামে অনেক সম্প্রদায়ভুক্ত লোকের বাস। গ্রামে এক ঘর কুম্ভকার থাকিত। বেচারী খুব শান্ত-প্রকৃতির। হাঁড়ি, কলসী ইত্যাদি মাটির পাত্র প্রস্তুত করিয়া জীবিকা নির্ব্বাহ করিত। তার শিল্প কর্ম্ম এমন যে কারো সঙ্গে তার জন্য বিবাদ বিসম্বাদ করিতে হয় না। বড় বড় গৃহস্থ অনেকেরই পুকুর আছে। যে পুকুরের মাটিতে হাঁড়ি বেশ ভাল হয়, সে সেই পুকুরের মাটি বা পাঁক তুলিয়া নানা রকমের হাঁড়ি, শরা, গেলাস ইত্যাদি প্রস্তুত করে। গ্রামের আশে পাশে জঙ্গল হ'তে আগাছা ছোট ছোট ডাল কেটে এনে সেই হাঁড়ি পোড়ায়। তার নির্ম্মিত জিনিষের দামও খুব কম। কোনটি পয়সায় দুটো, কোনটি এক পয়সা, বড্ড জোর কলসী হ'লে /০ এক আনা। তাতেই তার বেশ দিনপাত হ'য়ে বেশ সুখে স্বচ্ছন্দে কাল কাটায়। গ্রামের প্রধান ব্যক্তি একজন ব্রাহ্মণ। তিনি সংস্কৃত না জানলেও কথায় কথায় (ং ঃ) অনুস্বর, বিসর্গ দিয়ে নিরক্ষর গ্রামবাসীদের কাছে বিদ্যা ফলান। তাঁর একটি পুকুর আছে, তিনি কুম্ভকারকে বল্লেন—দেখ্ পালের পো তুই সকলের পুকুর হ'তে মাটি কেটে হাঁড়ি গড়িস্, তাতে তাদের পুকুরের পঙ্কোদ্ধার হয়ে যায়। আমার পুকুরের মাটি নিস্ না কেন? করজোড়ে প্রণাম ক'রে কুম্ভকার ব্রাহ্মণকে বল্লো—দেবতা, আপনার পুকুরে বালি মাটি, ওতে হাঁড়ি হয় না। ব্রাহ্মণ চটে গিয়ে বললেন—আচ্ছা বুঝবি, যেদিন আমার খপ্পরে পড়বি। কুমোরকে শাসিয়ে ঠাকুর মশাই কেবল ফাঁক খুঁজতে লাগলেন কিসে বেটাকে জব্দ করা যায়।

গ্রামখানির মধ্য দিয়ে জেলা বোর্ডের সড়ক রাস্তা গিয়াছে। কন্‌ট্রাক্টররা সেই রাস্তার পাশে গর্ত্ত ক'রে সড়কে মাটি দিয়েছে। বর্ষাকালে গর্ত্তে জল জমে গিয়েছিল। সেই জলে একটি ছেলে ডুবে মারা গিয়েছে। গ্রামে যে একটি শিশু হত্যা হলো, এর জন্য দোষী কে—নির্দ্ধারণের জন্য গ্রামে পঞ্চায়েত বসলো। সেই ব্রাহ্মণ পঞ্চায়েতের হেড ম্যান। তিনি জেলা বোর্ডের মেম্বর। এমনি আরও অনেকগুলি কাঙাল জব্দ করা অবৈতনিক হাতিয়ার তাঁর হাতে আছে। তিনি এই ঘটনার সব দোষই কুমোরের ঘাড়ে ফেলিবার ফন্দী করিলেন। সকলকে প্রশ্ন করিয়া আলোচনা করিলেন—জেলা বোর্ড মাটি কেটেছে, তাতে তো ছেলে ডোবেনি। বৃষ্টি হয়ে জল জ'মে ছেলে ডুবেছে। জেলাবোর্ড কোন দোষ করেনি। বৃষ্টি পড়েছে মেঘ হ'তে। মেঘ হয়েছে ধূমো উপরে উঠে। সকলের বাড়ীতেই ধূমো হয় সামান্য সামান্য। বেশী ধূমো করে হাঁড়ি পোড়াতে বেটা কুমোর। ঠাকুর মশায়ের মতেই সকলের মত। সকলেই বল্লেন রায় লিখুন দেবতা। দেবতা সাধুভাষায় রায় লিখলেন—

"কুম্ভকারে ধূম্রাকার,
ধূম্রাকারে মেঘাকার,
মেঘাকারে জলাকার,
জলাকারে ছেলে ডুবে মরলো।

মার বেটা কুমোরকে। নিরীহ কুম্ভকারের পীড়ন হলো।

আমাদের স্বাধীন ভারত এর শাসন করছে কংগ্রেস। কংগ্রেসের মহাসভার প্রথম অধিবেশন হয় বোম্বাই নগরে ১৮৮৫ খৃষ্টাব্দে তাহাতে সভাপতির আসন অলংকৃত করেন স্বর্গত উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (W. C. Banerjee) বাঙালী। ইংরাজ রাজত্ব সুরু হবার অব্যবহিত পরেই ১৭৭৫ খৃষ্টাব্দে প্রথম ফাঁসিকাষ্ঠে প্রাণ দেন প্রথম বাঙালী মহারাজ নন্দকুমার। ভারতের জাতীয় সংগীত "বন্দেমাতরম্', রচয়িতা ঋষি বঙ্কিমচন্দ্র—বাঙালী, আধুনিক জাতীয় সংগীত "জন-গণ-মন-অধিনায়ক" রচনা করিয়াছেন কবিগুরু রবীন্দ্রনাথ। বাংলায় অগ্নিযুগে স্বহস্তে নিজ মুখগহ্বরে পিস্তলের দুইবার গুলি করিয়া পুলিশের গ্রেপ্তার ব্যর্থ করেন প্রফুল্ল চাকী। ফাঁসিতে ঝোলেন ৺ক্ষুদিরাম বসু। বিহারের মুখ্যমন্ত্রী ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ এই ক্ষুদিরামের ব্রোঞ্জ-মূর্ত্তির আবরণ উন্মোচনের জন্য ভারতের প্রধান মন্ত্রী নির্দ্ধারিত দিনে কোন আন্তর্জাতিক নারী বান্ধবীর কোনারক দর্শনে সহগমনে ব্যস্ত থাকায় ডাঃ শ্রীকৃষ্ণ সিংহ স্বহস্তে এই হিংস ক্ষুদিরামের প্রতিমূর্ত্তির আবরণ উন্মোচন করিয়া মহাপাতক বা মহাপুণ্য অর্জ্জন করিয়াছেন তাহা তিনিই জানেন। সর্ব্বোপরি গান্ধীজীর সমর্থিত পট্টভি সীতারামিয়াকে সারা ভারতের কংগ্রেস সভাপতি নির্ব্বাচনে পরাস্ত করায় গান্ধীজি "ইহা আমার পরাজয়! ইহা আমার পরাজয়!!" বলিয়া অহিংস নিশ্বাস ত্যাগ করিয়া বাংলা দেশকে অভিশপ্ত করিয়া গিয়াছেন। সেই অভিশপ্ত বাংলার অভিশপ্ত সুভাষ আজ জগদ্বিখ্যাত নেতাজী হইয়া কোথায় আছেন কে জানে?

ভারতের প্রধান মন্ত্রী পণ্ডিত জহরলাল নেহরু ব্যারিষ্টার ভারতের সংবিধানে বিশেষ অজ্ঞ হইয়া বাংলার বেরুবাড়ী ও অন্য কিয়দংশ পাকিস্থানের জবাবী প্রধান মন্ত্রী ফিরোজ খাঁ নুনের সঙ্গে চুক্তি করায় তাঁহার সংবিধান না জানার যে কেলেঙ্কারী পৃথিবীময় রাষ্ট্র হইয়াছে। গান্ধিজী ভুল করিলে নিজেই স্বীকার করিতেন—আমার এটা হিমালয় প্রমাণ ভুল। ভুল স্বীকারের সৎসাহস স্বাধিকৃত স্থান শত্রু কর্ত্তৃক বিনা কারণে দখলীকৃত স্থান পুনরুদ্ধারের সৎসাহস বিহীন প্রধান মন্ত্রী তাঁহার ভুল কাজকে ঠিক বলিয়া জিদ করিয়া সুপ্রিম কোর্টের আশ্রয় রাষ্ট্রপতিকে দিয়া লইবার চেষ্টায় ব্যস্ত। এই স্বাধীন দেশের মহামন্ত্র "সত্যমেব জয়তে" বাক্যকে উজ্জ্বল করুন এই আমরা কামনা করি।

এখনও বলছি—ধন্য পশ্চিম বাংলার বিধান মণ্ডলী ধন্য তাঁদের আইন উপদেষ্টা শ্রীহাজরা এখনও তাঁর "না" কে "হঁা" করাতে পারেননি কেন্দ্রের আইন মন্ত্রীর প্রদত্ত আন্তর্জাতিক 'ছি! ছি!' ধাপ্পা। প্রধান মন্ত্রীর খেয়াল তন্ত্রে সহস্র সহস্র নিরীহ পশ্চিম বাংলার প্রজাবৃন্দ বিনা অপরাধে অপরাধী।

——

## জেলা শাসকের পরিদর্শন

গত ২৬শে মার্চ্চ বৃহস্পতিবার মুর্শিদাবাদের জেলা শাসক মাননীয় শ্রী ভি, এস, সি, বনার্জ্জী, আই-এ-এস মহোদয় সরকারী অর্থ সাহায্যপ্রাপ্ত "মির্জাপুর রেশম বয়ন শিল্পী সমবায় সমিতি লিঃ" এর কার্য্যালয় পরিদর্শন করেন। তিনি উক্ত সমিতির উন্নতির জন্য কর্ম্মিগণকে নির্দ্দেশ দান করেন।

---

গত ১লা মার্চ্চ হইতে ১৫ই মার্চ্চ পর্য্যন্ত পক্ষকালের

## জঙ্গিপুর মহকুমার রিলিফ কার্য্য

খয়রাতি :— সাবালক ২৬৯৭ জন, নাবালক ৬৩ জন, নগদ ৫৪১৯৲ টাকা ও ৩৮ সের গম।

টি, আর :— সাতটি পরিকল্পনায় ৭১৪৭ জনের মধ্যে ৩৭৭৪৲ দেওয়া হইয়াছে।

---

## ইণ্টার ন্যাশনাল সার্কাস

বাঙ্গালার ও বাঙ্গালীর উক্ত প্রতিষ্ঠানের কৃতবিদ্য খেলোয়াড়গণ নিত্য নূতন চমৎপ্রদ খেলা দেখাইয়া দর্শকগণকে মুগ্ধ করিতেছেন। শ্রীসুধীর দাস ৮০ মণ ওজনের হাতী বুকে লইতেছেন এবং ১৮০ পাউণ্ড ওজনের লৌহ গোলা লইয়া নানাপ্রকার কসরত দেখাইতেছেন। একজন পালোয়ান লোহার শিকল ছিঁড়িতেছেন। একটী বালিকার 'সুটিং' ও বাঘ সিংহকে একত্রে আনিয়া নানাবিধ খেলা দেখিয়া দর্শকগণ চমৎকৃত হইতেছেন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৩ই এপ্রিল ১৯৫৯

১৯৫৮ সালের ডিক্রীজারী

২৬৫ থাং ডিঃ ট্রাষ্টি গণেশচন্দ্র খাঁ দিং দেং বৈদ্যনাথ সাহা দিং দাবি ৬৪ টাকা ৭৩ নঃ পঃ থানা সুতি মৌজে গাম্ভিরা দিং ২২-১১ শতকের কাত ৩২৸৯ আঃ ৫০৲ থং ২৫০ মৌজে পাঁচগাছি থং ৮২

২৬৭ থাং ডিঃ ঐ দেং রমণীরঞ্জন দাস দিং দাবি ৪০ টাকা ৬২ নঃ পঃ থানা ঐ মৌজে গাম্ভিরা ১২-৮৪ শতকের কাত ১৬৸/৭ আঃ ৩০৲ থং ২৯৯

২৬৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩০ টাকা ৩৬ নঃ পঃ থানা ঐ মৌজে হিলোড়া ১-২৪ শতকের কাত ৯৸/৫ আঃ ১৫৲ থং ২৬৬০

১৯৮ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দিং দেং কমলাবালা দাসী দাবি ৩৭ টাকা ২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরী ৩৯ শতকের কাত ৬৶৪ আঃ ৫৲ থং ২৮৮।৫৪৭ স্থিতিবান স্বত্ব

২২২ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং অরবিন্দুনাথ রায় দাবি ৩২ টাকা ৬৭ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ৬৬৪ শতকের কাত ১৫।৶৯ আঃ ১০৲ থং ২৪০

২৫৪ থাং ডিঃ ট্রাষ্টী রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং শৈলবালা রায় দাবি ২৩ টাকা ১১ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাসুদেবপুর ৫ শতকের কাত ৮৵০ আঃ ৫৲ থং ১৮১

২৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৩ টাকা ১৭ নঃ পঃ থানা ঐ মৌজে রঘুনাথগঞ্জ ৮৬ শতকের কাত ৮৶৩ আঃ ৫৲ থং ১৫৯

২২৭ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং ব্রজেন্দ্রকুমার চৌধুরী দিং দাবি ৬৮৭ টাকা ৫৫ নঃ পঃ থানা সুতি মৌজে ঘোড়াপাখিয়া ১-৩৪ শতকের কাত ৩৷৵০ আঃ ৫০৲ স্থিতিবান স্বত্ব

২নং লাট থানা ঐ মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন ১-৬১ শতক মৌজা ভিন্ন ৫৯৩নং থং ফতেউল্লাপুর মৌজা মধ্যে ৫-৫১ শতকের কাত ৭।/৮ আঃ ১০০৲ ঐ স্বত্ব

১৩ অন্য ডিঃ চারুবালা ঘোষাণী দেং আমোদিনী দেব্যা দাবি ৫৬ টাকা ২৮ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাইক্ষ্যা ৬৩ শতকের কাত ৩৷০ আঃ ৫০৲

৪৭ মনি ডিঃ সেরাজুল ইসলাম নাবালক পক্ষে অলি পিতা তোসদ্দক হোসেন মিঞা দেং তারাপদ রায় দাবি ১১২ টাকা ৮৯ নঃ পঃ থানা সুতি মৌজে গাম্ভিরা ৩৮ শতক মধ্যে অর্দ্ধেক রায়ত মোকররী মূল্য আঃ ১৫৲ থং ৪৭৩

২নং লাট থানা ও মৌজা ঐ ৫২ শতকের মধ্যে ২১ শতক আঃ ২০৲ থং ২৪৫ রায়ত স্থিতিবান

৭২ মনি ডিঃ রেহাত আলী সেখ দেং চারু মণ্ডল দাবি ৪২৩ টাকা ৮৯ নঃ পঃ থানা সুতি মৌজে বসন্তপুর ৯-১৫ মধ্যে অর্দ্ধাংশ ৪-৭৮ শতকের কাত ৩০৷৵১০ মধ্যে অর্দ্ধেক আঃ ১০০৲ থং ১২৩ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ১-৯৩ শতকের মধ্যে দেন্দারের ¼ অংশ জমা ৬৷৶৩ মধ্যে ¼ আঃ ১০০৲ থং ৬৯ ঐ স্বত্ব ৩নং লাট মৌজাদি ঐ ৪ শতক মধ্যে দেন্দারের অর্দ্ধেক জমা ৩৲ মধ্যে অর্দ্ধেক আঃ ৫০৲ থং ১৩৫ ঐ স্বত্ব

২২ স্বত্ব ডিঃ ওহেব সেখ দেং কুসুম বেওয়া দাবি ৫৭ টাকা ৫৪ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে দফরপুর ১২ শতকের কাত ১/১ আঃ ১৫৲ থং ৬৭০

২নং লাট মৌজাদি ঐ ৫৩ শতক মধ্যে ১৭৷০ শতকের কাত হারাহারি মতে ১৶০ আঃ ২০৲ থং ১৪৩৯ ও ১৭৬০

২০৩ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দিং দেং ধনপতি মণ্ডল দাবি ৮০ টাকা ৪০ নঃ পঃ থানা সুতি মৌজে বসন্তপুর ৪-৬১৷০ শতকের কাত ১৪।৶৬ আঃ ৩০৲ থং ১৫৮ রায়ত স্থিতিবান

২৪১ থাং ডিঃ মুক্তিপদ চট্টোপাধ্যায় দিং দেং বীরবল মণ্ডল দাবি ২০ টাকা ৮১ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে সেকন্দরা ৩৫৷০ শতকের কাত ৷৶৪ আঃ ১০৲ থং ৪৩৯।৪৪০

৬১ মনি ডিঃ সাম মহাম্মদ বিশ্বাস দেং ফাইজুদ্দিন সেখ কয়েদী দাবি ১৬ টাকা ৫২ নঃ পঃ থানা রঘুনাথগঞ্জ মৌজে পিয়ারাপুর ১৫ শতকের কাত ৶৩ আঃ ১৫- থং ৮২

১৭৬ থাং ডিঃ সতীশচন্দ্র চৌধুরী দেং গৌরাঙ্গচন্দ্র সরকার দিং দাবি ৫৪ টাকা ৬২ নঃ পঃ থানা সুতি মৌজে ঘোড়াপাখিয়া গাঙ্গিন ও ফতেউল্লাপুর ৫৫১ শতকের কাত ৭।/৮ আঃ ২৫৲ থং ৬৪৯।৫১৩ রায়ত স্থিতিবান

১৯৫৭ সালের ডিক্রীজারী

২৭ মনি ডিঃ পশ্চিম বঙ্গ সরকার দেং সেরাজুদ্দিন মুন্সী দিং দাবি ২৮২ টাকা ৫৯ নঃ পঃ থানা সুতি

মৌজে লোকাইপুর দিং কাঁদোয়া, বীরথম্বা, বসন্তপুর ১২-২১ শতকের কাত ৬৫।/০ আ: ২৫০৲ খং ১৩৬, ৭০৪, ৮৯, ১৭, ৬৪৮

৬৭ মনি ডিঃ পশ্চিম বঙ্গ সরকার দেং এজাবুল হোসেন সিদ্দিকী দিং দাবি ১৪৭ টাকা ৮৪ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরিপাড়া ৫০, ০৬, ৩৫ শতকের কাত ১॥০, ৸৶০, ১৷৶১০ আ: ৫০৲, ১০৲ ৪০৲ খং ৪১৩, ৭১১, ৭০৯

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ২০শে এপ্রিল ১৯৫৯

১৯৫৬ সালের ডিক্রীজারী

১২১ খাং ডিঃ রাধারাণী ঘোষ মজুমদার দেং নীরেন্দ্রনাথ দাস দিং দাবি ১৩২ টাকা ৬৭ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে নিম্পিবিরল ২০৫ শতকের কাত ৬৲ আ: ৫০৲ খং ১৬২ স্বত্ব রায়ত মোকররী

১৩৫ খাং ডিঃ দিলীপকুমার সেন দিং দেং জগন্নাথ মণ্ডল দিং দাবি ৭৪২ টাকা ৫৩ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে চণ্ডিগ্রাম রঘুনাথপুর ৩৪৯ শতক জমির বার্ষিক খাজনা ৮২॥৵০ ওজনের সের হিসাবে ৩০ মণ ধান্য নিজাংশে ১৫ মণ ধান্য আ: ৪০০৲ খং ৮৮২, ১০৪৭, ১০৫৯ রায়ত স্থিতিবান স্বত্ব

১৯৫৮ সালের ডিক্রীজারী

৮১ খাং ডিঃ কালীপদ সিংহ দিং দেং শ্রীপতিনাথ দাস দাবি ২৭ টাকা ৬০ নঃ পঃ থানা সমসেরগঞ্জ মৌজে ধুসরিপাড়া ৪/ বিঘা জমির কাত ২॥৵১০ আ: ২০৲ খং ২৪

৫০ খাং ডিঃ কমলারঞ্জন ধর দেং মতিউল্লা বিশ্বাস দিং দাবি ১২০ টাকা ৯ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে ভূমিহর ৩-৪২ শতকের কাত ১৭৸৵৫ আ: ৯০৲ খং ৮৭৯

২৪ মনি ডিঃ কানাইলাল ভকত দেং পার্ব্বতী ভক্তানি দাবি ৩৩০ টাকা ৬১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে পোপাড়া ২ শতকের কাত ৫৲ আ: ১০০৲ খং ৮৪৩

---

# বিজ্ঞাপন-বৈচিত্র্য

## জ বা কু সু ম তৈ লে র গু ণ অ তু ল নী য়

উল্লিখিত বাক্যের যে কোন অক্ষর কেহ মনে করিলে, তাঁহার মনোনীত অক্ষর নিম্নলিখিত কবিতার সাহায্যে বলিয়া দেওয়া যায়। মনে করুন কেহ ( লে ) মনে করিলেন। তাঁহাকে জিজ্ঞাসা করুন আপনি নিম্নলিখিত পদ্যটী পড়িয়া বলুন কোন্ কোন্ ষ্ট্যাঞ্জায় আপনার অক্ষরটী আছে। তিনি পাঠ করিয়া অবশ্য বলিবেন ( ২ ) ও ( ৫ ) ষ্ট্যাঞ্জায় আছে। কারণ ( লে ) আর কোন ষ্ট্যাঞ্জায় নাই। আপনি ২ ও ৫ যোগ করুন, যোগফল হইল ৭। তাঁহার মনোনীত অক্ষর ঠিক ৭ম স্থানে আছে। এইরূপে সব অক্ষর বল যায়।

( ১ )

আয়ুর্ব্বেদ-জলধিরে করিয়া মন্থন
সুক্ষণে তুলিল এই মহামূল্য ধন
বৈদ্যকুল-ধুরন্ধর স্বীয় প্রতিভায়;
এর সমতুল্য তেল কি আছে ধরায়?

( ২ )

এই তৈলে হয় সর্ব্ব শিরোরোগ নাশ,
অতুল্য ইহার গুণ হয়েছে প্রকাশ।
দীনের কুটির আর ধনীর আবাসে,
ব্যবহৃত হয় নিত্য রোগে ও বিলাসে।

( ৩ )

চুল উঠা টাকপড়া মাথা ঘোরা রোগে,
নিত্য নিত্য কেন লোক এই দেশে ভোগে!
সুগন্ধে ও গুণে বিমোহিত হয় প্রাণ,
সোহাগিনী প্রসাধনে এই তেল চান।

( ৪ )

কমনীয় কেশ গুচ্ছ এই তেল দিয়া,
কৃষ্ণবর্ণ হয় কত দেখ বিনাইয়া,
তুষিতে প্রেয়সী-চিত্ত যদি ইচ্ছা চিতে,
অনুরোধ করি মোরা এই তৈল দিতে।

( ৫ )

চিত্তরঞ্জন এভিনিউ চৌত্রিশ নম্বর—
বিখ্যাত ঔষধালয় লোক হিতকর
অবনীর সব রোগ হরণ কারণ,
ঔষধের ফলে তুষ্ট হয় রোগিগণ।

রচনা—শ্রীশরৎ পণ্ডিত (দা'ঠাকুর)

## প্রাপ্ত পত্র

### সাগরদিঘী ব্লকে কর্ত্তৃপক্ষের কর্ম্মতৎপরতা

—•—

এ বছর চাষের উন্নতির জন্য এ ব্লকের অন্যান্য অঞ্চলে কি করা হইল জানি না তবে কর্ত্তৃপক্ষ মোড়গ্রাম ইউনিয়নের আক চাষের উন্নতিমূলক ব্যবস্থা অবলম্বন করেন। এই ব্যবস্থাপনার ফলে প্রায় দুই সপ্তাহের পূর্বে অত্র ইউনিয়নের গ্রাম সেবক মহাশয় গ্রামে গ্রামে ঘুরিয়া জনসাধারণ কে, কি পরিমাণ আক লইবেন তার এক তালিকা প্রস্তুত করেন। এবং ক্রেতাগণের নিকট হইতে মূল্যবাবত মণ প্রতি অগ্রিম আট আনা মাত্র হিসাবে মূল্য সংগ্রহ করিয়া এ বছর চাষের চারার জন্য ভাল শ্রেণীর আক সরকার পক্ষ হইতে সরবরাহ করিবার ব্যবস্থা করেন। এইরূপে সাধারণের জন্য দুই শত মণ আকের চাহিদা সরকার কর্ত্তৃক মঞ্জুর করা হয়। ইতিমধ্যে একদিন তিনি চাহিদামত আক মোড়গ্রাম ষ্টেশন হইতে বিলি করিবেন বলিয়া ২।১ দিন মধ্যে দিন ধার্য্য করেন। কিন্তু পরের দিনই ঐ ধার্য্যদিন বাতিল করিয়া অনিদ্দিষ্টকাল পর্য্যন্ত চাষীদের অপেক্ষা করিতে হইবে বলিয়া জানান। এইভাবে প্রায় আরও এক সপ্তাহ পরে তিনি পুনরায় পরের দিন তাং ৯।১২।১৩৬৫ বোখারা গ্রাম হইতে আক বিলি করিবার সংবাদ দেন। এবং জানান যে, কর্ত্তৃপক্ষের মঞ্জুরিকৃত দুই শত মণ আকের স্থলে এবার ৫০ মণ মাত্র দেওয়া হইবে। কারণ অজ্ঞাত।

অথচ প্রায় প্রতিটি চাষীই যেহেতু তাঁরা অগ্রিম মূল্য দিয়াছেন তাই আক পাইবার নিশ্চিত বিশ্বাসে আকের জমি প্রস্তুত করিয়া সরকারী আকের আশায় বসিয়াছিলেন। তাই সকলেই কম বেশী হতাশ ও ক্ষুব্ধ হন। কিন্তু এই শেষ নয়। শেষ পর্য্যন্ত চাহিদার সিকি পরিমাণ এই অল্প আক আনিতে গিয়াও কেহ কেহ দীর্ঘ পথ গাড়ী গরু লইয়া গিয়া আক বিলি শেষ হইয়াছে বলিয়া শুধু হাতে ফিরিয়া আসিয়াছেন। উর্দ্ধতন কর্ত্তৃপক্ষ যেটুকু বাকী রাখিয়াছিলেন রাজশক্তির কর্ত্তৃত্ব ও বিচারের অধিকারে মাননীয় গ্রামসেবক মহাশয় তাহা সম্পূর্ণ করিয়া দিয়াছেন।

এখন প্রশ্ন এই যে, একেই তো এ অঞ্চলে সরকার সম্পৃক্ত ব্যাপারে জনসাধারণ সঙ্কুচিত; তার উপর বিশেষ উন্নতিমূলক পরিকল্পনায় কর্ত্তৃপক্ষের এই দায়িত্বপূর্ণ প্রহসনে বহু লোকের আশা ভঙ্গ ও ক্ষতি হইল ইহার কি কোনও মূল্য নাই।

জনৈক সংবাদদাতা, ৮নং মোড়গ্রাম ইউনিয়ন
সাগরদীঘি ব্লক।

---

### সাগর সঙ্গমে চিত্রের রাষ্ট্রপতির স্বর্ণপদক লাভ

বাংলা কথাচিত্র সাগর সঙ্গমে ১৯৫৮ সালের শ্রেষ্ঠ চিত্র হিসাবে রাষ্ট্রপতির স্বর্ণপদক লাভ করিয়াছে। এই চিত্রের প্রযোজক ও পরিচালক যথাক্রমে নগদ ২০ হাজার [illegible] ৫ হাজার টাকা পাইবেন। বিখ্যাত পরিচালক শ্রীসত্যজিৎ রায়ের পরিচালিত জলসাঘর দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। উহার প্রযোজক ও পরিচালক যথাক্রমে নগদ ১০ হাজার টাকা ও আড়াই হাজার টাকা পাইবেন। এই চিত্রটিকে নিখিল ভারত সার্টিফিকেট অব্ মেরিট দেওয়া হইয়াছে। কাহিনী চিত্র পর্য্যায়ে তৃতীয় স্থান লাভ করিয়াছে কানাড়ী চিত্র 'স্কুল মাষ্টার'। উহাও একটি নিখিল ভারত সার্টিফিকেট অব মেরিট লাভ করিয়াছে। শ্রেষ্ঠ প্রামাণ্য চিত্র হিসাবে 'রাধাকৃষ্ণ' রাষ্ট্রপতির স্বর্ণপদক লাভ করিয়াছে। ইংরাজী প্রামাণ্য চিত্র 'দি ষ্টোরি অব ডক্টর কার্ভে' দ্বিতীয় স্থান লাভ করিয়াছে। 'কল অব দি মাউণ্টেন' প্রামাণ্য চিত্রটি তৃতীয় স্থান অধিকার করিয়াছে। উহাকে একটি নিখিল ভারত সার্টিফিকেট অব মেরিট দেওয়া হইবে। কোন শিশু চলচ্চিত্র প্রধান মন্ত্রীর স্বর্ণপদক লাভের উপযুক্ত বলিয়া বিবেচিত হয় নাই। 'বিরসা এ্যাণ্ড দি ম্যাজিক ডল' শীর্ষক ইংরাজী ক্ষুদ্র চিত্রটি নিখিল ভারত সার্টিফিকেট অব মেরিট লাভ করিয়াছে।

প্রেঃ ইঃ ব্যুঃ

---

### ভেজাল দ্রব্য বিক্রয়ে দণ্ড

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর স্বাস্থ্য-পরিদর্শক মহাশয়ের অভিযোগক্রমে নিম্নের ব্যক্তিগণকে জঙ্গিপুর ফৌজদারী আদালতের বিচারক মহোদয় অর্থদণ্ডে দণ্ডিত করিয়াছেন।

ভেজাল ছানার জন্য :—

শ্রীলক্ষ্মী ঘোষ, সাং জঙ্গিপুর ১০৲

শ্রীচণ্ডীচরণ ঘোষ ও শ্রীছবি ঘোষ, সাং কলাবাগ প্রত্যেকের ১০৲ হিসাবে।

ভেজাল ঘিয়ের জন্য :—

শ্রীভূষণ ঘোষ, সাং সেকন্দরা ১০৲

ভেজাল নারিকেল তৈলের জন্য :—

শ্রীহরিপদ সরকার, সাং রঘুনাথগঞ্জ ১২৲

---

## সরকারী বিজ্ঞপ্তি

পশ্চিম বঙ্গ সরকারের ধান্য ও চাউল নিয়ন্ত্রণ আদেশ ( ১৯৫৭ ) সাল অনুযায়ী বৃহৎ উৎপাদনকারীদের ১০০ মণ ধান্য মজুত রাখার জন্য বি (১) নং ফর্ম্মে লাইসেন্স লওয়ার প্রয়োজন আছে, বর্তমানে ঐ ধান্য মজুতের পরিমাণ সরকারের আদেশ অনুযায়ী ৩০০ মণ পর্য্যন্ত বর্দ্ধিত করা হইল। ৩০০ মণ ধান্য মজুত থাকিলে ঐ ধান্য বিক্রয়ের জন্য রাখা হইয়াছে বলিয়া ধরিয়া লইতে হইবে, যদি অন্যরূপ কিছু প্রমাণ করিতে না পারা যায়। নির্দ্দিষ্ট এলাকার খরিদ্দার ও উৎপাদকগণ পূর্ব্বের মতনই ১০ মণের বেশী ধান্য ও চাউল মজুত রাখিলে লাইসেন্স লইতে হইবে। —জেলা প্রচার সংস্থা

---

লিভার ও পেটের পীড়ায়
কুমারেশ



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর।

সি, কে, সেনের

**আমলা** কেশ তৈল



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

**দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস**
৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬
টেলিগ্রাম : "আর্ট ইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুর‍্যাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

আমেরিকায় আবিষ্কৃত
**ইলেকট্রিক সলিউসন**
— দ্বারা —
**মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—**



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১৷৷০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—ডাঃ ডি, ডি, হাজরা
ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

**অরবিন্দ এণ্ড সন্স**
মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ )
ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্, সাইকেলের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।
এখানে সকল প্রকার সেলাই মেসিন, সাইকেল, ফটো-ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।